



**AKASHVANI SILCHAR**

**REGIONAL NEWS UNIT**

**MORNING NEWS BULLETIN**

**BENGALI**

**DATE: 13 Apr. 26**

**TIME: 7:35 AM**

---

ভারতীয় জনতা পাৰ্টী আগামী ১৬ থেকে ১৮ই এপ্রিল পর্যন্ত অনুষ্ঠেয় সংসদের অধিবেশনে দলের লোকসভা ও রাজ্যসভার সব সদস্যকে উপস্থিত থাকতে হুইপ জারি করেছে। দলের প্রত্যেক সদস্যকে সংসদে উপস্থিত থাকা বাধ্যতামূলক বলে উল্লেখ করে এই সময়ে কোনোধরনের ছুটি মঞ্জুর করা হবে না বলে জানানো হয়েছে। উল্লেখ্য মহিলাদের জন্য আসন সংরক্ষণ সংশোধন বিলটির প্রতি বিশেষভাবে গুরুত্ব আরোপ করে ১৬ এপ্রিল থেকে সংসদের তিনদিনের বিশেষ অধিবেশন আহ্বান করা হয়েছে। বিজেপির পক্ষ থেকে এক বিজ্ঞপ্তিতে প্রত্যেক মন্ত্রী ও সাংসদকে এই অধিবেশনে নিশ্চিতভাবে উপস্থিত থাকতে নির্দেশ দেওয়া হয়েছে।

---

রাজ্যে ঘরোয়া রান্নার গ্যাস সিলিন্ডারের কোন অভাব নেই এবং গ্রাহকদের চাহিদা পূরণ করতে সিলিন্ডারের যোগান অব্যাহত রয়েছে বলে ইন্ডিয়ান ওয়েল সূত্রে জানানো হয়েছে। এছাড়া প্রধানমন্ত্রী উজ্জ্বলা প্রকল্পের সিলিন্ডার পেতে হলে ই-কে ওয়াই সি বাধ্যতামূলক বলেও জানানো হয়েছে।

---

সরকার পাঁচ কিলোগ্রাম ওজনের রান্নার গ্যাসের সিলিন্ডারের বিক্রি বৃদ্ধি করেছে । সকল রান্নার গ্যাসের বিতরকদের কাছে মজুত থাকা এধরণের সিলিন্ডার বৈধ পরিচয়পত্র দেখিয়ে নেওয়া যাবে । কেন্দ্রীয় পেট্রোলিয়াম ও গ্যাস মন্ত্রণালয়ের পক্ষ থেকে জানানো হয়েছে যে- সরকার চাহিদা অনুসারে যোগান বৃদ্ধি করার পর গত ২৩শে মার্চ থেকে ছয় লক্ষ ৬০ হাজারটি পাঁচ কিলোগ্রাম ওজনের রান্নার গ্যাসের সিলিন্ডার বিক্রি হয়েছে । সাবসিডিযুক্ত ১৪ দশমিক ২ কিলোগ্রাম ওজনের ঘরোয়া রান্নার গ্যাসের সিলিন্ডার বাজারমূল্যে পাওয়া যাবে এবং নিকটবর্তী বিতরকের কাছ থেকে এধরণের সিলিন্ডার ক্রয় করার জন্য কোনোধরণের ঠিকানার প্রমাণ লাগবেনা । পেট্রোলিয়াম ও প্রাকৃতিক গ্যাস মন্ত্রণালয় বলেছে যে- দেশে বর্তমানে পেট্রোল, ডিজেল এবং রান্নার গ্যাসের সংকট নেই । জনসাধারণকে অযথা ভীতিগ্রস্ত হয়ে জ্বালানি ক্রয় করার কোনো প্রয়োজন নেই । মন্ত্রণালয় একইসঙ্গে জনসাধারণকে রান্নার গ্যাসের বুকিংয়ের জন্য অযথা বিতরকের কাছে যাওয়ার পরিবর্তে ডিজিট্যাল ব্যবস্থার উপর নির্ভর করার পরামর্শ দিয়েছে ।

.....

গুয়াহাটীর পাণবাজার পুলিশ নির্বাচনী আদর্শ-আচরণবিধি ভঙ্গ করার অভিযোগে মধ্য গুয়াহাটী বিধানসভা আসনের অসম জাতীয় পরিষদ দলের প্রার্থী কুংকি চৌধুরীকে গতকাল জিজ্ঞাসাবাদ করেছে । কুংকি চৌধুরী নির্বাচনের সময় আচরণ বিধি ভঙ্গ করেছিলেন বলে একজন ব্যক্তি পাণবাজার থানায় এজাহার দাখিল করেছিলেন । এই এজাহারের ভিত্তিতে পুলিশ গতকাল সকালে তাঁকে থানায় হাজির হওয়ার নির্দেশ জারি করে । তবে এ জে পি প্রার্থী সংবাদ মাধ্যমে নির্বাচনী আচরণবিধি ভঙ্গ করার অভিযোগ নাকচ করেন ।

.....

কিংবদন্তী সঙ্গীত শিল্পী তথা পদ্মবিভূষণ পুরস্কারে সম্মানিত গায়িকা আশা ভোঁশলের শেষকৃত্য আজ বিকেল চারটেয় মুম্বাইয়ের শিবাজী পার্কে সম্পূর্ণ রাষ্ট্রীয় মর্যাদায় সম্পন্ন করা হবে । রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু উপ-রাষ্ট্রপতি সি পি রাধাকৃষ্ণণ , প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী , মহারাষ্ট্রের রাজ্যপাল জিষ্ণু দেববর্মা , মহারাষ্ট্রের মুখ্যমন্ত্রী দেবেন্দ্র ফাডনাবিস , আসামের মুখ্যমন্ত্রী ডক্টর হিমন্তু বিশ্ব শর্মা সহ সঙ্গীত জগতের বহু বিশিষ্ট ব্যক্তি তাঁর মৃত্যুতে গভীর শোক প্রকাশ করেছেন ।

---

আশা ভোঁশলে বাংলা ,হিন্দী ,অসমীয়া ,মারাঠী ,গুজরাটী , ইংরাজী ভাষা সহ বিভিন্ন ভাষায় ১২ হাজারেরও বেশী গান রেকর্ড করেছিলেন । ২০০৯ সালে ওয়ার্ল্ড রেকর্ডস একাডেমী নামের একটি আন্তর্জাতিক সংগঠন তাঁকে বিশ্বের সর্বাধিক গান রেকর্ড করা শিল্পী হিসেবে স্বীকৃতি প্রদান করে । তিনি ছায়াছবির গানের পাশাপাশি ভারতীয় শাস্ত্রীয় সঙ্গীত গজল , ভজন , রবীন্দ্রসঙ্গীত , বাংলা আধুনিক গান সহ প্রায় সবধরনের গান গেয়ে জনপ্রিয়তা অর্জন করেছিলেন । ভারত সরকার তাঁকে ২০০০ সালে দাদা সাহেব ফালকে পুরস্কার , ২০০৮ সালে পদ্ম বিভূষণ সম্মান প্রদান করে । ১৯৯৭ সালে তিনি প্রথম ভারতীয় হিসেবে গ্রেমী পুরস্কারের জন্য মনোনয়ন লাভ করেছিলেন ।

উল্লেখ্য গতকাল মুম্বাই-এর একটি বেসরকারি হাসপাতালে আশা ভোঁশলে শেষ নিঃশ্বাস ত্যাগ করেন । বয়স হয়েছিল ৯২ । বেশ কয়েক দশক ধরে আধুনিক ভারতের সঙ্গীত জগতের অন্যতম শ্রেষ্ঠ কণ্ঠশিল্পী আশা ভোঁশলে ৯ বছর বয়সে তাঁর সঙ্গীতের যাত্রা শুরু করেন ।

---

অষ্টম পুরুষ-মহিলা জাতীয় যুৱ বক্সিং প্ৰতিযোগীতা আজ থেকে গুৱাহাটীতে শুরু হ'ছে । দেশেৰ ৩৩টি ৰাজ্যেৰ প্ৰায় ৮শ জন খেলোয়াড় , প্ৰশিক্ষক এবং কাৰিগৰী আধিকাৰীক এই প্ৰতিযোগীতায় অংশগ্ৰহন কৰবেন । অসম এমেচাৰ বক্সিং সংস্থাৰ সভাপতি সিদ্ধাৰ্থ ভট্টাচাৰ্য্য আজ এই প্ৰতিযোগীতাৰ উদ্বোধন কৰবেন । বক্সিং ফেডাৰেশন অব ইন্ডিয়াৰ সহযোগীতায় অসম এমেচাৰ বক্সিং সংস্থা আয়োজিত এই প্ৰতিযোগীতা থেকে যুৱ অলিম্পিক্স গেমস এবং বিশ্ব চ্যাম্পিয়ানশিপেৰ জন্য ভাৰতীয় পুরুষ-মহিলা বক্সিং দল বাছাই কৰা হ'বে । সোনাপুৰেৰ অসম ডনবস্ক বিশ্ববিদ্যালয়ে আয়োজিত এই প্ৰতিযোগীতাৰ জন্য ১০টি ওজন শাখায় ২৭৪ জন পুরুষ এবং ২৪০ জন মহিলা প্ৰতিযোগী নাম পঞ্জীয়ন কৰেছেন । আগামী ১৯শে এপ্ৰিল পৰ্য্যন্ত এই প্ৰতিযোগীতা চলবে ।

---

---